জীবনী সংক্ষেপ

তৌফিকা করিম, এডভোকেট

তৌফিকা করিম কুমিল্লার একটি সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। বাবা মরহুম এম.এ করিম কুমিল্লার একজন শীর্ষ স্থানীয় আইনজীবী ছিলেন। মা বেগম দিলদার করিম প্রয়াত হবার আগে পর্যন্ত কুমিল্লার সুপ্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্টান ***এথনিকা স্কুল এন্ড কলেজ*** এর প্রতিষ্টাকালীন উপদেষ্টা ছিলেন। তৌফিকা করিমের নানাও একজন শীর্ষ স্থানীয় আইনজীবী ছিলেন এবং যুক্তফ্রন্টের সময় তিনি স্বাস্থ্য মন্ত্রী হিসেবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। দাদা ছিলেন ত্রিপুরা ডিস্ট্রিক্টের প্রথম মুসলিম ডাক্তার।

তৌফিকা করিম কুমিল্লার ফয়জুননেসা সরকারী উচ্চ বিদ্যালয় থেকে সাফল্যের সাথে ম্যাট্রিক (এস.এস.সি) এবং মহিলা মহাবিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হন। তারপর চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়ের পলিটিক্যাল সায়েন্স ডিপার্টমেন্ট থেকে অনার্স এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পলটিক্যাল সায়েন্সে মাস্টার্স ডিগ্রী লাভ করেন। অতঃপর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকেই এল.এল.বি ডিগ্রী অর্জন করেন।

সব শেষে জাপান থেকে *'The Executive Program on corporate Management'* এ ডিপ্লোমা সম্পন্ন করেন।

তৌফিকা করিম,এডভোকেট বর্তমানে আইন পেশায় নিয়োজিত আছেন। তিনি বিগত ২৬ বছর যাবৎ আইনজীবী হিসেবে সততা ও নিষ্ঠার সাথে পেশাগত দায়িত্ব পালনের মাধ্যমে দেশের বিচার ব্যবস্থায় গুরত্বপূর্ণ ভুমিকা পালন করছেন। বর্তমানে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ***সিরাজুল হক'স এসোসিয়েটস*** এর ***সিনিয়র পার্টনার*** হিসেবে কাজ করছেন। তিনি জাতীয় চার নেতা হত্যা মামলা ও বঙ্গবন্ধু হত্যা মামলার সরকারী কুশলী হিসেবে নিয়োজিত ছিলেন। এছাড়াও তৌফিকা করিম,এডভোকেট বিজ্ঞ আইনজীবী হিসেবে অনেক গুরুত্বপূর্ণ মামলা সফল সমাধান করছেন।

দীর্ঘ দিনের আইন পেশার অভিজ্ঞতা থেকে তিনি অনুধাবন করেন, বিচারের দীর্ঘসূত্রতায় কিংবা বিনা বিচারে আটক অথবা মিথ্যা মামলায় ফেঁসে গিয়ে অনেক নিরপরাধ কারাভোগ করছেন। কেবলমাত্র তদবিরকার না থাকার কারণে তাদের জামিন করানোর মতো কেউ নেই অর্থাৎ এই সব কারাবন্দিরা প্রকৃতপক্ষে অসহায়। নিজ উদ্যোগে ও খরচে একের পর এক অসহায় কারাবন্দিদের জামিন করানোর মাধ্যমে অসহায় কারাবন্দিদের পাশে দাড়াতে শুরু করেন সুপ্রীম কোর্টের স্বনামধন্য আইনজীবী তৌফিকা করিম। একপর্যায়ে অসহায় কারাবন্দিদের বিনামূল্যে

আইনী সহায়তা প্রদানের লক্ষ্যে ২০০৯ সালে তিনি প্রতিষ্টা করেন অলাভজনক ও অরাজনৈতিক সংস্থা ***'লিগ্যাল এসিসটেন্স টু হেল্পলেস প্রিজনার্স এন্ড পার্সনস (এলএএইচপি)***। এনজিও বিষয়ক ব্যুরো নিবন্ধিত এই মানব কল্যাণ ও সেবামূলক সংস্থা *এলএএইচপি*'র ***চেয়ারম্যান*** হিসেবে দেশের বাইশ (২২)টি জেলায় শতাধিক প্যানেল আইনজীবী নিয়োগের মাধ্যমে পরিচালনা করছেন বিনামূল্যে আইন সহায়তা কার্যক্রম। তৌফিকা করিম,এডভোকেট এর তুখোড় নেতৃত্বে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত সর্বসাকুল্যে (১০০০) এক হাজারের কাছাকাছি অসহায় কারাবন্দিকে জামিনে মুক্ত করেছে এলএএইচপি। জামিনের পাশাপাশি অনেক কারাবন্দিকে উপযুক্ত কাউন্সেলিং এবং কর্মসংস্থানেরও ব্যবস্থা করে দিয়েছেন তিনি। সরকারের পাশাপাশি বিনামূল্যে আইনী সেবাকে দেশব্যাপী বিস্তৃত করার লক্ষ্যে উৎসাহ প্রণোদনা হিসেবে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এলএএইচপি'কে 'সেরা দেশীয় বেসরকারী সংস্থা-২০১৯' মনোনয়ন প্রদান করে। ২৮ এপ্রিল জাতীয় আইনগত সহায়তা প্রদান দিবস, ২০১৯ইং এ আয়োজিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে ***'সেরা দেশীয় বেসরকারী সংস্থা'র*** সম্মাননা গ্রহণ করেন এলএএইচপি'র চেয়ারম্যান তৌফিকা করিম,এডভোকেট।

সুনামের সাথে আইন পেশার চর্চা, অসহায় কারাবন্দি তথা নাগরিকের অধিকার প্রতিষ্টার প্রতি একনিষ্ঠতা এবং ব্যক্তি জীবনে পরিচ্ছন্ন ইমেজের অধিকারী হবার কারণে গত ২২ সেপ্টেম্বর ২০১৯ ইং তৌফিকা করিম,এডভোকেট কে ***জাতীয় মানবাধিকার কমিশন*** এর ***সম্মানিত সদস্য*** হিসেবে নিয়োগ প্রদান করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি।

কুমিল্লার সুপ্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্টান *Ethnica School And College* **এর** *প্রতিষ্ঠাতা* ***চেয়ারম্যান*** হিসেবে নিযুক্ত আছেন। আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় মান সম্পন্ন শিক্ষা বাস্তবায়নে কুমিল্লা জেলাতে শ্রেষ্ঠ ইংলিশ ভার্সন শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে *Ethnica School And College* এর রয়েছে গৌরবোজ্জ্বল ভূমিকা। যথার্থ ও যুগোপযোগী শিক্ষা প্রদান, মানবিক ব্যক্তিসত্তার সুষ্ঠু বিকাশ সাধনের ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের স্বশিক্ষায় শিক্ষিত করা, উন্নতি ও বিকাশ সাধন এবং মুক্ত জ্ঞান চর্চার মাধ্যমে তাদের প্রতিভা বিকাশের সুযোগ লাভ করার লক্ষ্যসমূহ নিয়েই ***প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, তৌফিকা করিম*** একদল দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর সম্বন্বয়ে স্কুলটিকে দীর্ঘ ১৫ বছর ধরে পরিচালনা করছেন।

এছাড়াও প্রায় ৩০ বছর ধরে তিনি *International Office Equipment (IOE) Bangladesh Ltd.* এর ***ডিরেক্টর*** হিসেবে নিয়োজিত আছেন। *International Office Equipment (IOE) Bangladesh Ltd.* আন্তজার্তিক মানের অফিস ইকুইপমেন্টস এবং ইনফরম্যাশন টেকনোলজি (আই.টি) সরবরাহকারী মাল্টিন্যাশনাল কর্পোরেট প্রতিষ্ঠান।

এছাড়াও কেন্দ্রীয় ব্যাংকের পর্ষদ সভায় প্রস্তাবিত এবং অনুমোদিত নতুন ব্যাংক *Citizens Bank (Proposed)* এর ***ডিরেক্টর*** হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। খুব শীঘ্রই ব্যাংকটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করবে।

ব্যক্তিজীবন ও পেশাজীবনের শত ব্যস্ততার মাঝেও সময় বের করেছেন ক্লাব এক্টিভিটিস তথা সোশ্যাল ওয়ার্কের জন্য। কাজ করেছেন অতি সুপরিচিত আন্তজার্তিক ওমেন্স ভলেন্টারি অর্গানাইজেশন *Inner Wheel* এ। *Inner Wheel Club of Dhaka North* এর ***প্রেসিডেন্ট*** হিসেবে দক্ষতার সাথে ক্লাবের কার্যপরিধি ও সুনাম বৃদ্ধিতে রেখেছেন অসামান্য অবদান।

পেশায় চাটার্ড একাউনটেন্ট, জনাব আফতাব-উল ইসলামের সহধর্মিনী তৌফিকা করিম,এডভোকেট। আফতাব-উল ইসলাম *International Office Equipment (IOE) Bangladesh Ltd.* এর ***ফাউন্ডার চেয়ারম্যান এবং*** *Asia Pacific General Insurance Co Ltd* এর ***সম্মানিত চেয়ারম্যান।*** তিনি সুদীর্ঘকাল *American Chamber of Commerce in Bangladesh (AmCham)* এর ***প্রেসিডেন্ট*** হিসেবে দায়িত্ব পালন করছেন এবং ***ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই)*** এর ***সভাপতি***র পদও অলঙ্কৃত করেছেন। এছাড়াও বর্তমানে তিনি ***বাংলাদেশ ব্যাংক*** এর ***পরিচালনা পর্ষদের পরিচালক*** হিসেবে নিয়োজিত রয়েছেন।

--- --- ---